

5 Nov 2025, 14:22 HRS IST

Two women's religious organizations, IBVM and Congregacion Jesu, unite

6 05 Nov 2025 12:57:00











Rome, November 5 (HS): After a long period of prayer, introspection and review by its members, two religious orders—the Congregation of Jesus (CI) and the Institute of the Blessed Virgin Mary (IBVM)—reached a historic moment on Tuesday. Fulfilling the long-held aspiration of Mary Ward, the two women's religious orders today became one spiritually and institutionally.

The newly united Congregation of Jesus, with its 1,800 members working in more than 40 countries around the world, is embracing the legacy of Mary Ward, her mission of justice, compassion and service, with renewed vigor. This union is a symbol of peace, justice and unity, where division and inequality are overcome and a message of peace, Justice and unity is established. Along the way, members of the two congregations have rediscovered their common calling - their contributions to education, human rights and women's empowerment, as well as their contributions to the fight against human trafficking and their support for the marginalised and neglected in society.

"We are very happy that Mary Ward's long-standing dream has come true today—a united women's society, whose constitution is modeled on the Society of Jesus. Throughout history, and especially in recent years, we have worked closely with each other. This unity is not only spiritual, but also institutionally unbreakable."

Sister Carmel Swords (CJ), former IBVM, said, "In a divided world, we have come together to implement the gospel of peace and unity of Christ, inspired by the Spirit, we move forward in our mission with renewed enthusiasm. We believe—together we are stronger."

Hindustan Samachar / Soumyajit

.....

5 Nov 2025, 14:22 HRS IST

একাত্ম হলো দুই নারী ধর্মীয় সংঘ আইবিভিএম ও কনগ্রেগাসিও জেসু

6 05 Nov 2025 12:57:00















রোম, ৫ নভেম্বর (হি.স.): প্রার্থনা, আত্মমন্থন ও সদস্যদের দীর্ঘ পর্যালোচনার পর মঙ্গলবার এক ঐতিহাসিক মুহর্তে পৌঁছল দুই ধর্মীয় সংঘ— কনগ্রেগাসিও জেস (সি জে) ও ইনস্টিটিউট অফ দ্য ব্লেসড ভার্জিন মেরি (আই বি ভি এম)। মেরি ওয়ার্ডের দীর্ঘদিনের আকাঙ্খা পূরণ করে এদিন এই দুই নারী ধর্মীয় সংঘ একত্রে আত্মিক ও প্রাতিষ্ঠানিকভাবে একাঙ্গে পরিণত হল।

নতুন ঐক্যবদ্ধ কনগ্রেগাসিও জেসুর প্রায় ১,৮০০ সদস্য বিশ্বের প্রায় ৪০টিরও বেশি দেশে কর্মরত। তাঁরা মেরি ওয়ার্ডের ঐতিহ্য, ন্যায়, সহানুভূতি ও সেবার লক্ষ্যকে নতুন উদ্যমে ধারণ করছেন। এই মিলন যেন এক প্রতীক— যেখানে বিভাজন ও বৈষম্যকে সরিয়ে শান্তি, ন্যায় এবং ঐক্যের বার্তা প্রতিষ্ঠিত হয়। এই পথে, দুই সংঘের সদস্যরা তাঁদের অভিন্ন আহ্বানকে নতুনভাবে আবিষ্কার করেছেন— শিক্ষা, মানবাধিকার ও নারী ক্ষমতায়নের পাশাপাশি মানব পাচার বিরোধী সংগ্রামে তাঁদের অবদান এবং সমাজের প্রান্তিক ও অবহেলিত মানুষদের পাশে দাঁড়ানোয় যাঁদের অবদান বিশেষভাবে উল্লিখিত।

জেনারেল সুপিরিয়র সিস্টার ভেরোনিকা ফুরম্যান (সি জে) বলেন, "আমরা অত্যন্ত আনন্দিত যে মেরি ওয়ার্ডের দীর্ঘদিনের স্বপ্ন আজ বাস্তবায়িত হয়েছে— একটি ঐক্যবদ্ধ নারী সংঘ, যাদের সংবিধান যিশুর সংঘের আদলে। ইতিহাসের ধারায়, বিশেষত সাম্প্রতিক বছরগুলিতে, আমরা একে অপরের সঙ্গে নিবিড়ভাবে কাজ করেছি। এই ঐক্য শুধুমাত্র আত্মিক নয়, প্রাতিষ্ঠানিকভাবেও এক অটুট বন্ধন।"

পূর্বতন আই বি ভি এম এর সিস্টার কারমেল সোর্ভস (সি জে) বলেন, "এক বিভক্ত বিশ্বে, আমরা খ্রিষ্টের শান্তি ও ঐক্যের সুসমাচারকে বাস্তবায়ন করতে একত্র হয়েছি। আত্মার অনুপ্রেরণায় আমরা নতুন উৎসাহে আমাদের মিশনে এগিয়ে যাচ্ছি। আমরা বিশ্বাস করি— একসঙ্গে আমরা আরও শক্তিশালী।"